৬৫ ২৭/৪/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

স্মারক সংখ্যা : ৩৮.০০.০০০০.৪০০.২০. ১৪৮.২০- ৪৪৬

তারিখঃ ২৯ চৈত্র ১৪২৭ / ১২ এপ্রিল ২০২১

প্রেরক : মহাপরিচালক
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

প্রাপক : বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা/ জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, যশোর।

বিষয় : চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-4)-এর সাব-কম্পোনেন্ট ২.৫ Out of School Children' কর্মসূচির নভেম্বর-২০২০ হতে মার্চ-২০২১ মাসের যশোর জেলার জন্য অর্থ বরাদ্দের মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে।

সূত্রঃ ১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.১৫০.১৮০.০২৯.০০.০০.০১৪.২০১৮-৫৫, তারিখ ০৭ সেপ্টেম্বর ২০২০।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি 4) সাব-কম্পোনেন্ট ২.৫ 'Out of School Children' শিক্ষা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে পিপিআর-২০০৮ এর বিধিবিধান অনুসরণ পূর্বক ৬১ জেলায় বাস্তবায়নকারী সহায়ক সংস্থা নিয়োগ করা হয়েছে। নিয়োজিত বাস্তবায়নকারী সংস্থাসমূহ মাঠপর্যায়ে কর্মসূচি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবে।

মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নের যাবতীয় ব্যয় নিয়োজিত বাস্তবায়নকারী সংস্থাসমূহের মাধ্যমে ব্যয় করা হবে। বাস্তবায়নকারী সংস্থাসমূহ মাসিক ভিত্তিতে পরিশোধিত যাবতীয় ব্যয়ের বিবরণীসহ বিল-ভাউচার সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক বরাবরে দাখিল করবে। জেলার সহকারী পরিচালকগণ ডিডিও হিসেবে সকল বিল- ভাউচার যথাযথ ভাবে নিরীক্ষা করে পরিশোধের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। জেলার সহকারী পরিচালকগণ বিল পরিশোধের ক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থার অনুকূলে ক্রসড চেক ইস্যুর মাধ্যমে বিল পরিশোধ করবেন।

এসংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য এওপি # ১৩৩, অর্থনৈতিক কোড ৩২৫৭৩০১ "বিদ্যালয় বর্হিভূত শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষা (কস্ট অব আইএসএ)" খাতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ঢাকা হতে চলতি অর্থ বছরে ১ম দফায় মোট ১৯২,৫৬,০০,০০০.০০ (টাকা একশত বিরানব্বই কোটি ছাপ্পান্ন লক্ষ মাত্র) টাকা সূত্রে বর্ণিত ১নং স্মারকে মঞ্জুরি ও বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত অর্থ হতে নভেম্বর-২০২০ হতে মার্চ-২০২১ পর্যন্ত এলসি ভিত্তিক স্কুল প্রতিষ্ঠার জন্য এককালীন বরাদ্দ (উপকরণ ক্রয়সহ), শিখন কেন্দ্রের ভাড়া, শিক্ষার্থীদের জন্য খাতা, পেন্সিল, সার্পনার, অঙ্কন খাতা, শিক্ষার্থী এবং পিতামাতাদের /গার্ডিয়ানদের ফটোগ্রাফ, কমিউনিটি মোবিলাইজেশন ব্যয় এবং আইএসএ ম্যানেজমেন্ট কস্ট ইত্যাদি খাতে ব্যয় নির্বাহের জন্য সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, যশোর জেলার অনুকূলে মোট ৩,৯৫,২৮,০৫০.০০ (তিন কোটি পচাঁনব্বই লক্ষ আটাশ হাজার পঞ্চাশ মাত্র) টাকা ব্যয়ের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

বিভাজনঃ প্রকৃত টাকায়

| ক্রমিক নং | জেলার নাম | অফিস কোড | এওপি নং | অপারেশনাল কোড | অর্থনৈতিক কোড | সর্বমোট বরাদ্দ | জিওবি (৬৪.৮%) | আরপিএ জিওবি (৩৫.২০%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | যশোর | ৮১৩ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭৩০১ | **৩,৯৫,২৮,০৫০.০০** | ২,৫৬,১৪,১৭৬.০০ | ১,৩৯,১৩,৮৭৪.০০ |
| সর্বমোট | | | | | | **৩৯৫,২৮,০৫০.০০** | **২,৫৬,১৪,১৭৬.০০** | **১,৩৯,১৩,৮৭৪.০০** |

২। এই ব্যয় ২০২০-২১ অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং ২১, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-4) এর সংস্থা কোড নং ১২৪ এবং হিসাবের খাত ২২৪২৩৭৯০০ এর আওতায় সাব-কম্পোনেন্ট ২.৫ "বিদ্যালয় বহির্ভূত শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম"এর এওপি নং ১৩৩ আবর্তক খাতের সংশ্লিষ্ট অর্থনৈতিক কোড ৩২৫৭৩০১-"বিদ্যালয় বহির্ভূত শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষা খাতে প্রাপ্ত বরাদ্দ ১৯২,৫৬,০০,০০০.০০ (টাকা একশত বিরানব্বই কোটি ছাপ্পান্ন লক্ষ মাত্র) টাকা হতে ব্যয় নির্বাহ হবে।

৩। **অর্থ ব্যয়ের শর্তাবলী:**

ক) বিদ্যমান আর্থিক বিধি যথাযথভাবে প্রতিপালন করতঃ কেবল মাত্র বরাদ্দকৃত অর্থ ব্যয় করা যাবে। কোন ক্রমেই অগ্রিম উত্তোলন এবং বরাদ্দের অতিরিক্ত ব্যয় করা যাবে না;

খ) এই ব্যয় নির্ধারিত অর্থনৈতিক কোড ব্যতীত অন্য কোন কোডে ব্যয় করা যাবে না;

গ) এ ব্যয়ের যাবতীয় অডিট কার্যক্রম এ ব্যুরোর প্রধান কার্যালয়ে/ তাঁর দপ্তরে সম্পাদিত হবে। খরচের সকল বিল-ভাউচার, আনুসাঙ্গিক রেজিষ্টারসমূহ তাঁর দপ্তরে এমনভাবে সংরক্ষণ করতে হবে, যাতে স্বল্প সময়ের নোটিশে তা নিরীক্ষাদলের নিকট উপস্থাপন/ অত্র কার্যালয়ে দাখিল করা যায়;

ঘ) **ব্যয়িত অর্থের বিবরণী পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে (সংশ্লিষ্ট জেলা হিসাবরক্ষণ অফিসের ব্যয়ের সংগতি সাধনের কপিসহ) এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে;**

ঙ) **প্রচলিত আর্থিক বিধি-বিধানের আলোকে প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত হারে ভ্যাট/ আইটি কর্তন করতে হবে;**

চ) এ অর্থ খরচ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সহকারী পরিচালক আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন এবং যে কোন অনিয়মিত ব্যয়ের জন্য তিনি দায়ী থাকবেন;

ছ) যে সকল জেলায় বাস্তবায়ন সহায়ক সংস্থা (ISA) কার্যক্রম দেরীতে শুরু করেছে সে সব জেলায় প্রকৃত ব্যয় নির্ধারণ করে সংশ্লিষ্ট সহকারী পরিচালকগণ বিল ভাউচার অনুমোদন করবেন।

জ) যশোর জেলার বরাদ্দকৃত অর্থের বিস্তারিত বিবরণী পরিশিষ্ট ১-এ সংযুক্ত করা হলো। তদানুযায়ী খাত ভিত্তিক ব্যয় করতে হবে। ব্যয়ের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুসরণ করতে হবে।

ঝ) উল্লেখ্য, এই বরাদ্দকৃত খাত/ উপখাতসমূহের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী উপকরণসমূহ বাস্তবায়নক সহায়ক সংস্থাসমূহ ক্রয় করবে। এ ক্রয়ের গুণগত মান বজায় রাখার বিষয়টি জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সংশ্লিষ্ট জেলাসমূহের সহকারী পরিচালকগণ নিশ্চিত করবেন।

ঞ) বাস্তবায়ন সংস্থাসমূহের ব্যবস্থাপনা ব্যয় সংশ্লিষ্ট বাস্তবায়ন সহায়ক সংস্থা কর্তৃক বাজেট বিভাজন করতঃ তা জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক-এর অনুমোদন সাপেক্ষে ব্যয় নির্বাহ করা যাবে। সহকারী পরিচালকগণ উক্ত বিভাজনকৃত ব্যয়ের বিষয়টি মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোকে পত্র মারফত অবহিত করবেন।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী (০৪ পাতা)

১২.০৪.২০২১

(তপন কুমার ঘোষ)
মহাপরিচালক
ফোনঃ ২২২২৮৭৮৯৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক, পিইডিপি ৪, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৪। পরিচালক (পরিকল্পনা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাগম, সচিবালয় ভবন, ৩য় ফেইজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৬। সিস্টেম এনালিষ্ট, উশিব্যু, (বরাদ্দপত্রটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। উপপরিচালক (পরি. ও মনি.), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
৮। উপ-পরিচালক, বাজেট, পিইডিপি-৪, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৯। উপ-পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (iBAS++ পদ্ধতিতে ডাটা এন্ট্রির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১০। সহকারী পরিচালক, (পরিকল্পনা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
১১। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, যশোর জেলা।
১২। নির্বাহী পরিচালক, দিশা সমাজ কল্যাণ সংস্থা (DEESHA)।

১২/৪/২০২১

(মোহাম্মদ খালেদ)
সহকারী পরিচালক (অর্থ ও লজি.)
ফোনঃ ২২২২৬৩০৭৬